

রেজিটার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৭, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর শাখা-৩)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ই বৈশাখ ১৪০৭/২৬শে এপ্রিল ২০০০

এস, আর, ও নং ১১৮-আইন/২০০০—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও ৬৬-আইন/৯৯, তারিখ ২৫শে মার্চ, ১৯৯৯ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে নহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alteration of Municipalities Rules, 1978 অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান নোভাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করার জন্য চট্টগ্রাম জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাস্তে উক্ত Rules এর rule 4 (2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান নোভাবেক সরকার

(১৫০৯)

মূল্য : টাকা ১.০০

এতদ্বারা নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ১৪ই বৈশাখ, ১৪০৭ বাং, ২৭শে এপ্রিল, ২০০০ ইং তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) কার্যকারিতাগ্রহণ একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি বারইসারহাট মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোজার নাম	জে.এল. নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	হিংগুলি	আমালপুর	২০	৪১৯-৪৪০, ৬৫৪-৬৬২, ৮১৫-১০৪৪, ১১০০-১১২৬, ১১৫০-১১৮৩, ১২০০-১৮৪২, ৪১৬৯-৪২৪০, ৪২৪২-৪২৪৮ এবং ৪৬১৯।
(২)	হিংগুলি	পূর্ব হিংগুলি	১১	৭৯১৪-৭৯৪৯, ১০০০১-১০০২৮, ১০৪৩৬-১০৪৭৫।
(৩)	হিংগুলি	পশ্চিম হিংগুলি	২২	২৫৫৭-২৭৬১।
(৪)	হিংগুলি	আজমনগর	২১	৪৫২৩-৪৭৪১, ৪৯০১-৪৯২৫, ৪৯৩০-৪৯৩৫।
(৫)	জোরারগঞ্জ	সোনাপাহার	১৩	০১-৩৩৮, ৮০১-১২৪৬, ১২৫১-১২৫৭।
(৬)	জোরারগঞ্জ	ইমানপুর	১৯	১০০০-১০৮৮।
(৭)	ধুম	ধুম	২৩	৩৩২০-৩৩৬৭, ৩৪৯২-৩৫১৭ এবং ৩৩৯১।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আব্দুস সাত্তার সিদ্দিকী

উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী প্রকাশনালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ কমন্স ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।